



অবি লম্বে প্রকাশে র উদে শ্যে: 10/6/2021

গভর্নর ক্যাথি হোচুল

স্কোহারি লিমোজিন সংঘর্ষের তৃতীয় বর্ষপূর্তিতে গভর্নর হোচুল লিমোজিন যাত্রীর নিরাপত্তা টাস্ক ফোর্সে নিয়োগের ঘোষণা করেছেন

টাস্ক ফোর্সকে একত্রিত হয়ে দীর্ঘ লিমোজিন পরিবহনের নিরাপত্তা, পর্যাপ্ততা, কর্মদক্ষতা এবং বিশ্বস্ততা প্রভাবিত করে এমন বিষয় পরীক্ষা করার সার্বিক গবেষণার জন্য দ্রুত সময়রেখা নিয়ে একমত হওয়ার জন্য নির্দেশ দেন

গভর্নর ক্যাথি হোচুল আজকে ঘোষণা করেছেন যে তিনি দীর্ঘ লিমোজিন যাত্রী নিরাপত্তা টাস্ক ফোর্সে চারজন নতুন সদস্যকে নিয়োগ দিয়েছেন এবং অতিসত্বর তাদের একত্রিত হয়ে এর নিরাপত্তা সংক্রান্ত সার্বিক গবেষণা শেষ করার একটি সময়রেখা নিয়ে একমত হতে নির্দেশ দিয়েছেন। নতুন নিয়োগপ্রাপ্ত চার সদস্য বিদ্যমান তিন সদস্যে সাথে যোগ দিবেন, যার ফলে টাস্ক ফোর্স গবেষণা শুরু করতে পারবে এবং এটি গভর্নর ও নিউ ইয়র্ক স্টেটে লিমোজিন সেবা তত্ত্বাবধান করা স্টেট এজেন্সিদের প্রদান করা হবে। টাস্ক ফোর্সের বাকি পদগুলির জন্য সুপারিশ প্রদত্ত হয়েছে এবং যাচাই কাজ চলছে। টাস্ক ফোর্সের গবেষণা দীর্ঘ লিমোজিন পরিবহনের নিরাপত্তা, পর্যাপ্ততা, কর্মদক্ষতা এবং বিশ্বস্ততা সংক্রান্ত বিষয় নিবিড়ভাবে পরীক্ষা করবে।

"আমরা দুঃখজনক এই সংঘর্ষের তৃতীয় বছরে পদার্পণ করছি, তাই আমাদেরকে সেই ব্যক্তিদের স্মৃতির সম্মানে অবশ্যই লিমোজিন পরিবহনের প্রত্যেকটি দিক খতিয়ে দেখতে ও এমন দুর্ঘটনা প্রতিরোধ করতে আমাদের দায়বদ্ধতা অনুধাবন করতে হবে," **গভর্নর হোচুল বলেন।** "যেহেতু টাস্ক ফোর্সের জন্য সব সুপারিশ এখন চলে এসেছে, আমি টাস্ক ফোর্সকে আর বিলম্ব না করে একত্রিত হতে এবং নিরাপত্তা ব্যবস্থা সংক্রান্ত এর পর্যালোচনা সমাপ্ত ও উপস্থাপন করার একটি সময়রেখা চূড়ান্ত করার নির্দেশ দিয়েছি, যাতে করে আমরা প্রত্যেকটি যাত্রী এবং অন্য যারা রাস্তা ব্যবহার করে তাদের সুরক্ষিত রাখতে পারি।"

নতুন সদস্যরা হলেন গভর্নর কর্তৃক নির্বাচিত ও নিয়োগপ্রাপ্ত ওয়েস্টচেস্টার কাউন্টির অপারেশন্স পরিচালক জোয়ান ম্যাকডোনাল্ড ও নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে অথোরিটির (New York State Thruway Authority) নির্বাহী পরিচালক ম্যাথু জে. ড্রিসকল; এবং সংসদের স্পিকারের সুপারিশে গভর্নর কর্তৃক নিয়োগপ্রাপ্ত প্রিমিয়ার ট্রান্সপোর্টেশনের (Premiere Transportation) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডেভিড জে. ব্রাউন ও রেড ওক ট্রান্সপোর্টেশনের (Red Oak Transportation) যৌথ মালিক এডওয়ার্ড স্টপেলম্যান; যেমনটি আইন অনুযায়ী আবশ্যিক।

নতুন সদস্যরা নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকলস (New York State Department of Motor Vehicles) ও নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনের (New York State Department of Transportation) কমিশনারদ্বয় এবং স্টেট পুলিশ সুপারিন্টেন্ডেন্টের সাথে যোগ দিবেন, যারা ইতিমধ্যে সংবিধান অনুযায়ী টাস্ক ফোর্সের সদস্য।

সিনেট নিয়োগের জন্য তাদের সুপারিশ প্রদান করেছে এবং তা যাচাই করে দেখা হচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)